গুরুত্বপূর্ণ ডাটার নিরাপত্তায় কোলোসিটি

ডেল টেকনোলজিস এবং মাইক্রোসফটের ক্লাউড সার্ভিস পার্টনার কোলোসিটি লি দেশের ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তাদের প্রয়োজনীয় গতিতে ডিজিটালভাবে রূপান্তরে সহায়তা করতে প্রথম বারের মতো দেশে নিয়ে এসেছে মাইক্রোসফট অ্যাজুর স্ট্যাক হাব হাইব্রিড ক্লাউড কোলসিটি.ক্লাউড। কোম্পানিটি হাইব্রিড ক্লাউড স্থানীয় পর্যায়ে ডেটা রাখা নিয়ে ব্যবসায়িক উদ্বেগ নিরসন করছে।

ডেটা কমপ্লায়েন্সের নিশ্চয়তা, ডেটার নির্ভরযোগ্যতা এবং নিরাপত্তার প্রয়োজনীয় সমাধান দিচ্ছে প্রতিষ্ঠানটি।
ডিজিটাল বাংলাদেশের রূপকল্প অনুযায়ী, নাগরিকদের জীবনমান উন্নত করতে ডিজিটাল প্রযুক্তিকে একীভূত করার পরিকল্পনা তৈরি করেছে সরকার। এক্ষেত্রে ক্লাউড প্রযুক্তি, বিশেষ করে পাবলিক ক্লাউড প্রযুক্তি বিশ্বজুড়ে ডিজিটাল রূপান্তর প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে পারে।

এ প্রসঙ্গে কোলোসিটি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এমাদ ইস্পাহানি বলেন, দেশের অনেক কোম্পানি ঐতিহ্যগত প্রাতিষ্ঠানিক অবকাঠামো থেকে পাবলিক ক্লাউডে যেতে প্রস্তুত নয়। প্রতিষ্ঠানের কর্ণধাররা তাদের ডেটার সম্পূর্ণ নিয়ন্ত্রণ চান এবং এজন্য ডেটা কাছাকাছি রাখতে পছন্দ করেন। এছাড়া দেশের আইন অনুযায়ী, আর্থিক খাতের তথ্যসহ নির্দিষ্ট তথ্য দেশের মধ্যেই রাখতে হবে। তাই ক্লাউড সক্ষমতা দেশের ব্যবসাগুলোর জন্য সুযোগ তৈরি করেছে।

দেশে ‘ডি ডস’ সাইবার হামলার বিষয়ে সতর্কতা জারি

দেশে সম্প্রতি ডিস্ট্রিবিউটেড ডিনায়েল অব সার্ভিস (ডি ডস) সাইবার আক্রমণ দেখা গেছে বলে জানিয়েছে বাংলাদেশ সরকারের কম্পিউটার

ইন্সিডেন্ট রেসপন্স টিম (বিজিডি ই-গভ সার্ট)। এ বিষয়ে দেশের গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর সুরক্ষার ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়েছে। পাশাপাশি গুরুত্বপূর্ণ সব সংস্থা যেন যথাযথ পদক্ষেপ নেয়, সে অনুরোধ জানানো হয়েছে।

বিজিডি ই-গভ সার্ট জানায়, ‘ডি ডস’ (ডিস্ট্রিবিউটেড ডিনায়েল অব সার্ভিস) এক ধরনের সাইবার আক্রমণ, যা সাইবার অপরাধী দ্বারা নিয়ন্ত্রিত বিস্তৃত বটনেট থেকে কোনো সুনির্দিষ্ট আইটি পরিকাঠামোকে লক্ষ্য করে নিয়মিত সেবা প্রদানে বাধা দেওয়ার জন্য পরিচালিত হয়। ডি ডস সাইবার আক্রমণে টিসিপি পস ফ্লাড, ইউডিপি ফ্লাড, টিসিপি আরএসটি ফ্লাড, টিসিপি এসওয়াইএন ফ্লাড, টিসিপি উইন্ডো সাইজ ফ্লাড, আইপি ফ্রাগমেন্ট ফ্লাড ডি ডস অ্যাটাক ভেক্টরের আধিক্য পাওয়া গেছে।

বিজিডি ই-গভ সার্টের প্রকল্প পরিচালক তারেক এম বরকতউল্লাহ জানা, উদ্ভূত পরিস্থিতির কারণে বাংলাদেশে সকল গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোকে নিরাপদ রাখতে ‘গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর ডিজিটাল নিরাপত্তা সুরক্ষা গাইডলাইন’ অনুসরণ-পূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এন্টি-ডি ডস হার্ডওয়্যার ও সফটওয়্যার স্থাপন/হালনাগাদ করে সঠিক এন্টি-ডি ডস প্রটেকশন সেট করবার জন্য সুপারিশ করা হলো।

শর্টস-এ জলছাপ দিতে শুরু করছে ইউটিউব

ব্যবহারকারী যে ‘শর্টস’-এর ভিডিও পুনরায় অন্যান্য সামাজিক মাধ্যমে আপলোড করেন, সেই বিষয়টি ভালো করেই জানে ইউটিউব। আর সে কারণেই, এখন থেকে নিজের প্ল্যাটফর্মের ‘শর্টস’ ভিডিওতে জলছাপ যোগ করবে কোম্পানিটি।

একটি পোস্টে ইউটিউবের এক মুখপাত্র নতুন ফিচার নিয়ে বলেছেন, নির্মাতা যখন ‘শর্টস’-এর কোনো ভিডিও ডাউনলোড করবেন, তখন ওই ভিডিওতে জলছাপ যোগ করে দেবে কোম্পানিটি।

প্রযুক্তিবিষয়ক সাইট ভার্জের প্রতিবেদন অনুযায়ী, একটি অ্যাপে স্বল্পদৈর্ঘ্যের ভিডিও ক্লিপ তৈরি করে পরবর্তীতে তা ডাউনলোড করে অন্যান্য প্ল্যাটফর্মে পুনরায় পোস্ট করেন অনেক নির্মাতা। ‘শর্টস’-এ কেন জলছাপ যোগ হচ্ছে, সেই বিষয়টি নিজস্ব পোস্টে পরিষ্কার করেছে ইউটিউব।

“আপনার ডাউনলোড করা ‘শর্টস’-এ জলছাপ যোগ করেছি, কারণ, আপনার দর্শকরা যেন দেখতে পারে, বিভিন্ন প্ল্যাটফর্মে আপনি যে কনটেন্ট শেয়ার করছেন, তা ‘ইউটিউব শর্টস’-এও পাওয়া যাবে।” –পোস্টে লিখেছে ইউটিউব।

সকল শীর্ষস্থানীয় স্বল্পদৈর্ঘ্যের ভিডিও প্ল্যাটফর্মই নির্মাতা ও দর্শক আকর্ষণ করার প্রতিযোগিতায় নেমেছে। আর অন্যান্য কোম্পানি বিভিন্ন উপায়ে ক্রস-প্ল্যাটফর্ম শেয়ারিংয়ের বিষয়ে কথা বলছে।

ইউটিউবের এই সিদ্ধান্তের অনেক আগেই নিজস্ব প্ল্যাটফর্ম থেকে ডাউনলোড করা ভিডিওতে জলছাপ ও নির্মাতার নাম যোগ করে আসছিল টিকটক, যার মাধ্যমে সহজেই অ্যাপে গিয়ে আসল ভিডিওটি দেখতে পারেন দর্শকরা।

‘ইনস্টাগ্রাম রিলস’-এর অনেক নির্মাতাই যে আসল কনটেন্ট তৈরির পরিবর্তে টিকটক জলছাপ দেওয়া ভিডিও মাধ্যমটিতে পুনরায় পোস্ট করছিলেন, সেই বিষয়টি অজানা নয়।

২০২১ সালে ইনস্টাগ্রাম বলেছিল, তারা এমন কোনো রিলের প্রচারণা চালাবে না যেখানে প্রতিদ্বন্দ্বী প্ল্যাটফর্মের জলছাপ আছে। এপ্রিলে আরও একধাপ এগিয়ে মাধ্যমটি বলেছে যে ‘আসল কনটেন্টে’ গুরুত্ব দিতে নিজেদের অ্যালগরিদম নিয়ে কাজ করবে তারা।

ইনস্টাগ্রামের এই সিদ্ধান্তকে নির্মাতাদের কেবল রিলের জন্য কনটেন্ট তৈরির উদ্দেশ্যে ‘মূলা ঝুলানো’ হিসেবে আখ্যা দিয়েছে ভার্জ।

২০২০ সালে ‘শর্টস’ আত্মপ্রকাশের পর থেকেই এটি নিয়ে ব্যপকভাবে কাজ করে যাচ্ছে ইউটিউব। নিজস্ব অ্যাপের কনটেন্ট তৈরির উদ্দেশ্যে ‘শর্টস’ নির্মাতাদের জন্য আলাদা ১০ কোটি ডলার বরাদ্দ দিয়ে রেখেছে কোম্পানিটি।

ইউটিবের পোস্ট অনুযায়ী, ডেস্কটপে ‘শর্টস’-এর এই জলছাপ চালু হবে

আগামী কয়েক সপ্তাহে ও পরবর্তী কয়েক মাসে মোবাইল ডিভাইসে বিস্তৃতি পাবে এটি।

নতুন মহাকাশ স্টেশনের মডেল উন্মোচন করলো রাশিয়া

রুশ নির্মিত মহাকাশ স্টেশন কেমন হবে তার একটি মডেল উন্মোচন করেছে রাশিয়া। সোমবার দেশটির মহাকাশ সংস্থার পক্ষ থেকে এই মডেলটি প্রকাশ করা হয়েছে। মস্কোর তরফে এ ধরনের একটি মডেল প্রকাশের ঘটনা এটিই প্রথম।

সোমবার মস্কোর কাছে ‘আর্মি ২০২২’ শীর্ষক অস্ত্র প্রদর্শনী উদ্বোধন করেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ঐ অনুষ্ঠানেই দেশটির নতুন মহাকাশ স্টেশনের মডেল উন্মোচন করে দেশটির জাতীয় মহাকাশ সংস্থা রোসকসমস।

খবরে বলা হয়েছে, এই বিষয়টি আন্তর্জাতিক মহাকাশ স্টেশন (আইএসএস) ত্যাগের ব্যাপারে রাশিয়া যে সিরিয়াস সে বিষয়টিকেই সামনে নিয়ে এসেছে।

গত মাসেই রোসকসমসের প্রধান হিসেবে ইউরি বোরিসভ নামের একজন কর্মকর্তাকে নিয়োগ দেন পুতিন।

নতুন মহাকাশ স্টেশনের মডেল উন্মোচনকালে তিনি বলেন, নিজস্ব অরবিটাল স্টেশন তৈরির জন্য কাজ করছে রাশিয়া। ২০২৪ সালের পর তার দেশ আন্তর্জাতিক মহাকাশ স্টেশন ছেড়ে যাবে।

৯ হাজার কর্মী ছাঁটাই করেছে আলিবাবা

চলতি বছরের এপ্রিল থেকে জুন পর্যন্ত নয় হাজার ২৪১ জন কর্মী ছাঁটাই করেছে আলিবাবা। চীনা ই-কমার্স জায়ান্টটির বিক্রি নিম্নমুখী হওয়ায় এ পদক্ষেপ নিয়েছে প্রতিষ্ঠানটি।

আলিবাবা জানিয়েছে, সর্বশেষ প্রান্তিকে প্রতিষ্ঠানটির কর্মী ছিল ২ লাখ ৪৫ হাজার। ওই সময় প্রথমবারের মতো আয় কমে প্রতিষ্ঠানটির। এ নিয়ে দ্বিতীয়বারের মতো কর্মী সংখ্যা কমিয়ে এনেছে আলিবাবা।

এর আগে চলতি বছরের প্রথম প্রান্তিকে (জানুয়ারি-মার্চ) চার হাজার ৩৭৫ জন কর্মী ছাঁটাই করেছিল প্রতিষ্ঠানটি।

ভূরাজনৈতিক অস্থিরতা, কাঁচামালের দাম বৃদ্ধি ও অনিয়ন্ত্রিত মূল্যস্ফীতির কারণে প্রযুক্তি সংস্থাগুলো ওই সময় কর্মী ছাঁটাই করে চলছিল। এর জেরে কর্মী ছাঁটাই করেছে আলিবাবাও।

যুক্তরাষ্ট্রভিত্তিক প্রযুক্তি প্রতিষ্ঠান অ্যাপল, অ্যালফাবেট ও মেটা কর্মী নিয়োগ কমিয়েছে। অন্যদিকে আলিবাবার প্রতিদ্বন্দ্বী প্রতিষ্ঠান অ্যামাজন প্রায় এক লাখ কর্মসংস্থান যুক্ত করেছে।

তথ্য সুরক্ষায় অ্যান্ড্রয়েডকেও হার মানাবে পাঙ্কট ফোন

স্মার্টফোনের সুরক্ষা নিয়ে প্রশ্ন রয়েছে দীর্ঘদিন ধরেই। বিভিন্ন কোম্পানির ট্র্যাকিং স্মার্টফোনের উপরে সব সময় থাকে। এর ফলে স্মার্টফোন থেকে পাঠানো চ্যাট কতটা সুরক্ষিত তা নিয়ে প্রশ্ন থেকেই যায়। আর এই কারণেই স্মার্টফোনের থেকে দুরে সরছেন অনেকেই। ইতিমধ্যেই বাজারে এসেছে এমন অনেক ফোন যা ব্যবহার করে সুরক্ষিত চ্যাট করা সম্ভব। এমনই একটি ফোন পাঙ্কট এমপি০২।

লার্নিং অ্যান্ড আর্নিং প্রকল্পে প্রশিক্ষণার্থীর ৩০ শতাংশই নারী

সর্বশেষ আদমশুমারী অনুযায়ী দেশে পুরুষের তুলনায় নারীর সংখ্যা ১৫ লাখ বেশি। এরা বর্তমানে ডিজিটাল মাধ্যমে নানা হয়রানির শিকার হচ্ছে। তাদের জন্য কী করেছে আইসিটি বিভাগ? দেশের বর্তমান আর্থ সামাজিক বাস্তবতায় জেন্ডার ইক্যুয়ালিটি না ইক্যুইটির ওপর ফোকাস করছে বাংলাদেশ। এক্ষেত্রে জেন্ডার ইক্যুয়ালিটিতে অংশ নিতে আইসিটিতে কিভাবে অংশ গ্রহণ করবে বিশ্ববিদ্যালয়ের তরুণীরা? আইসিটিতে গ্রামীণ তরুণ সমাজকে কি কি ফলপ্রসু উদ্যোগ নেয়া যেতে পারে? করোনার ঘাত মোকাবেলা করে বেকার সমস্যা সমাধানে কী করতে পারি আমরা।

সম্প্রতি সদ্য প্রতিষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার অ্যান্ড ডেভেলপমেন্ট স্ট্যাডিজ আয়োজিত ভিন্ন ধারার এক সম্মেলনে এমন নানা প্রশ্নের মুখোমুখি হন আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবের প্রতি শ্রদ্ধা নিবেদন করে উত্তরে তিনি জানিয়েছেন, আগামী দুই দশক আমরা তারুণ্যের অফুরান শক্তি কাজে লাগাতে ২০০৮ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে প্রযুক্তি নির্ভর মর্যাদাশীল ডিজিটা বাংলাদেশ গঠনের রূপকল্প দিয়েছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মাত্র ১৩ বছরে তার সততা, দূরদর্শীতা ও সাহসী নেতৃত্ব দিয়ে তা পূরণ করেছেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় ভাইয়ের তত্বাবধানে ৪টি শক্তিশালী স্তম্ভেবর ওপর ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠিত করতে পেরেছি।

তিনি বলেছেন, নারীদের সাইবার দুনিয়ায় সুরক্ষিত রাখতে অপরাধের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে আমরা ৩টি বিষয়কে গুরুত্ব দেই। ব্যক্তিগত, পারিবারিক ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে সাইবার হাইজিন,

অ্যাওয়ারনেস ও ডিজিটাল লিটারেসিতে প্রাথমিক ধারণা দেয়া। এগুলো নিয়ে আমরা কাজ করছি। পাশাপাশি ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট করে ইতিমধ্যেই অনেক নারীর সম্মান ও মর্যাদা নিশ্চিত করতে পেরেছি। প্রযুক্তিগত সক্ষমতা অর্জনের মাধ্যমে এখন যে কেউ ৩৩৩ কলসেন্টারে ফোন করে বাল্যবিবাহ প্রতিরোধের জন্য অথবা সাইবার সিকিউরিটি সম্পর্কে কোনো একটা পরামর্শ বা কোনো সুপারিশ, বা আইনের আশ্রয় নিতে পারে। ৯৯৯ এ ফোন করে ৫ বছরে ৯ কোটি মানুষ জীবনরক্ষা সেবা গ্রহণ করেছে। ইতিমধ্যেই আমরা ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন করেছি। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার অ্যান্ড ডেভেলপমেন্ট স্ট্যাডিজ চাইলে তাদের

ভবিষ্যৎ বাংলাদেশের লিঙ্গ সমতা নিয়ে অনুষ্ঠিত এই আয়োজনে প্রথমেই উপস্থিত সম্মানিত অতিথিদের সামনে বেশ কিছু প্রশ্ন ছুঁড়ে দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষার্থীর।

অধ্যাপক ড. তানিয়া হকের সভাপতিত্বে সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান এবং জাতীয় ক্রিকেট দলের সাবেক দলনেতা মাশরাফি বিন মুরতজা।

ফেসবুক লাইভে পণ্য বিক্রি বন্ধ হচ্ছে

চলতি বছরের অক্টোবর থেকে লাইভে আর পণ্য বিক্রির সুবিধা রাখছে না ফেসবুক। অক্টোবরের ১ তারিখ থেকে লাইভ ভিডিও ও শিডিউল লাইভ ভিডিওতে পণ্য বিক্রি বন্ধ করছে ফেসবুক।

তবে ফেসবুক লাইভ ও ইভেন্টগুলোতে লাইভ ভিডিও সম্প্রচার করা যাবে, কিন্তু লাইভ ভিডিওর প্লেলিস্টে কোনো পণ্যের ট্যাগ দেওয়া যাবে না।

ফেসবুক তাদের ব্লগ পোস্টে এ ঘোষণা দিয়েছে। প্রযুক্তি সাইট এনগেজেট জানিয়েছে, মেটা সম্প্রতি তাদের এ পণ্যের শোকেসিংটা

‘রিল’-এর মাধ্যমে অনুরোধ করেছে। রিল অ্যাড এবং ইনস্টাগ্রাম রিলের মাধ্যমে প্রোডাক্ট ট্যাগিং করতে বলেছে।

এক পোস্টে মেটার পক্ষ থেকে জানানো হয়, যেহেতু ব্যবহারকারীদের আচরণ ক্ষুদ্র দৈর্ঘ্য ভিডিও ফর্মের দিকে এগোচ্ছে, তাই আমরাও সময়ের সঙ্গে তাল মিলিয়ে ফেসবুক এবং ইনস্টাগ্রামে রিলকে প্রাধান্য দিচ্ছি। এতদিন এ লাইভ শপিং ইভেন্ট ফিচারটি ব্যবহার করে ফেসবুক ব্যবসায়ীরা ফলোয়ারদের জন্য পণ্যের ভিডিও তৈরি করত। ব্যাপারটা অনেকটাই পারসোনাল হোম শপিং নেটওয়ার্ক। এখানে একজন মার্চেন্ট তার ফলোয়ারদের আসন্ন লাইভ শপিং সেশনের নোটিফিকেশন দিতে পারত এবং মেসেঞ্জারের মাধ্যমে পেমেন্ট নিতে পারত।

সম্প্রতি টিকটকের এ স্ট্যাটাস পুরো সোশ্যাল মিডিয়ার জগতে রাজত্ব করছে। তাদের কিছু কৌশলগত অগ্রগতির কারণে তারা তরুণ সম্প্রদায়কে বেশ আকৃষ্ট করেছে। এ কারণে মেটা তার রাজস্বও হারিয়েছে।

ফলে জাকারবার্গ ফেসবুক এবং ইনস্টাগ্রামে রিলকে অনেক বেশি গুরুত্ব দিচ্ছেন। কেননা এটাকে তারা তাদের ক্ষতি থেকে উঠে আসার একটি হাতিয়ার হিসাবে মনে করছেন। বর্তমানে ইনস্টাগ্রাম ব্যবহারকারীর ২০ শতাংশ সময় পার করছেন রিল দেখে। এ জন্য মেটা ধারাবাহিকভাবেই তার ক্রিয়েটরদের চাপ দিচ্ছেন আসল কনটেন্ট বানানোর জন্য।

এখন থেকে রিলসের মাধ্যমে পণ্য বিক্রি, প্রচার ও ট্যাগ দেওয়া যাবে।

প্রসঙ্গত, দুই বছর আগে ফেসবুক লাইভ শপিং ফিচারটি চালু করে। এ ফিচারের মাধ্যমে ক্রেতা-বিক্রেতা লাইভে অর্থাৎ সরাসরি একে অন্যের সঙ্গে যোগাযোগ করতে পারত। এ ছাড়া সম্ভাব্য ক্রেতা আকৃষ্টের অনেক বড় একটি প্ল্যাটফর্ম ছিল এ ফিচারটি।

টিকটক অ্যাপে যুক্ত হলো ৯টি গেম

অ্যাপে ‘ভুডু, ‘নাইট্রো গেইমস’, ‘এফআরভিআর’, ‘এইম ল্যাব’ ও ‘লোটাম’ এর মতো নয়টি খুদে গেমসের সংগ্রহ যুক্ত করেছে টিকটক কর্তৃপক্ষ এখান থেকে কোনো ভিডিও আপলোড হওয়ার আগে ‘অ্যাড লিংক’ অপশন থেকে ‘মিনিগেম’ অপশন বাছাই করে গেমের চরিত্রগুলো ওই ভিডিওতে যোগ করা যাবে।

আর ভিডিও চলাকালীন অ্যাকাউন্টে ব্যবহারকারীর নামের নীচে দেখানো লিংকে চাপ দিয়ে দর্শকরা লিংক করা গেম খেলতে পারবেন। গেম খেলার সময় ব্যবহারকারী সেখানে গেইমপ্লে রেকর্ডের একটি অপশন পাবেন ও পরবর্তীতে সেটি টিকটক ভিডিও হিসেবে পোস্ট করতে পারবেন তিনি।

এ নিয়ে প্রযুক্তিবিষয়ক সাইট ভার্জ জানিয়েছে, অ্যাপে ব্যবহারকারীদের তুলনামূলক বেশি সময় কাটাতে এবং বিজ্ঞাপন থেকে নিজেদের আয় বাড়ানোর উপায় হিসেবে সেবাটি এনেছে টিকটক। তবে, বর্তমানে থাকা গেইমগুলোতে কোনো বিজ্ঞাপন দেখাচ্ছে না বা কোনো ধরনের ‘ইন-অ্যাপ পারচেজ’ করতে বলছে না, যা মোবাইল গেইম থেকে অর্থ আয়ের বহুল প্রচলিত দুটি পদ্ধতি।

এদিকে প্রযুক্তিবিষয়ক সাইট টেকক্রাঞ্চকে দেওয়া এক বিবৃতিতে নিজেদের এই কার্যক্রমের কথা নিশ্চিত করে টিকটকের এক মুখপাত্র জানিয়েছেন, তৃতীয় পক্ষের গেম ডেভেলপার ও স্টুডিও’র সঙ্গে একীভূত হওয়ার মাধ্যমে টিকটকে ‘এইচটিএমএল গেমস’ আনার উপায় খুঁজছেন তারা।

গত বছর ‘মুনটন টেকনোলজি’ নামে একটি সাংহাই-ভিত্তিক গেম স্টুডিও কিনেছিল টিকটকের মূল প্রতিষ্ঠান বাইটড্রান্স। গেইমিং খাতে টিকটকের পরিকল্পনা নিয়ে রয়টার্সের করা একটি প্রতিবেদনের পরপরই মিনি-গেমসের এই পরীক্ষা চালিয়েছে ভিডিও শেয়ারিং প্ল্যাটফর্মটি।

হোয়াটস অ্যাপে আসছে চ্যাটবট

মেটার মালিকানাধীন জনপ্রিয় মেসেজিং প্ল্যাটফরম হোয়াটস অ্যাপ ব্যবহারকারীদের জন্য নিত্যনতুন ফিচার আনে। এজন্যই অ্যাপটি প্রতিযোগীদের থেকে অনেকটাই এগিয়ে রয়েছে।

এবার নতুন ফিচার সম্পর্কে গ্রাহককে সচেতন করতে অ্যাপের মধ্যে আসছে নয়া ফিচার। ওয়াবেটা ইনফো ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী এ কাজে একটি চ্যাটবট নিয়ে আসছে মার্কিন সংস্থাটি। নতুন ফিচার এলেই সেই সম্পর্কে মেসেজ করে ব্যবহারকারীদের অবগত করবে এ চ্যাটবট।

রিপোর্টে জানানো হয়েছে, আপাতত বেটা গ্রাহকদের ফোনে এই ফিচার আসছে। তবে এখনো ডেভেলপমেন্টের স্তরে রয়েছে এ ফিচার।

যেভাবে কাজ করবে চ্যাটবট সব নতুন ফিচারের খবর দিয়ে নোটিফিকেশন পাঠাবে হোয়াটসঅ্যাপের চ্যাটবট। এখন হোয়াটসঅ্যাপের কোনো নতুন ফিচার এলে বেশিরভাগ গ্রাহক জানতে পারেন না। এতে গ্রাহক ও কোম্পানি দুই পক্ষই ক্ষতিগ্রস্ত হন। এ সমস্যার সমাধানে আসছে হোয়াটসঅ্যাপের চ্যাটবট। মেসেজ ও নোটিফিকেশনের মাধ্যমে হোয়াটসঅ্যাপ চ্যাটবট সব ব্যবহারকারীর নতুন ফিচার সম্পর্কে ওয়াবিবহাল করবে।

প্ল্যাটফরমের অন্যান্য চ্যাটের মতোই হোয়াটসঅ্যাপ চ্যাটবটের পাঠানো সব মেসেজে এন্ড টু এন্ড এনক্রিশনের সুরক্ষা থাকবে। ফলে আপনাকে কী মেসেজ পাঠানো হচ্ছে, তা অন্য কেউ জানতে পারবেন না। এভাবে প্ল্যাটফরমের সুরক্ষা মজবুত করছে হোয়াটসঅ্যাপ।

তবে এ চ্যাটবটে আপনি কোন মেসেজ পাঠালে রিপ্লাই পাবেন না। এখানে শুধু মেসেজ দেখার সুযোগ থাকবে।